

ঢাকা কলেজে অভিযান আটক ২৩ জনকে ছেড়ে দিল পুলিশ

■ সমকাল প্রতিবেদক
ঢাকা কলেজের বিভিন্ন ছাত্রাবাস থেকে আটক করা ২৩ জনকে জিজ্ঞাসাবাদের পর অভিভাবক ও শিক্ষকদের জিম্মায় ছেড়ে দিয়েছে পুলিশ। কলেজটির শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয় ব্যবসায়ীদের সংঘর্ষের চার দিন পর গত সোমবার গভীর রাতে এক অভিযান চালিয়ে তাদের আটক করা হয়েছিল। ছেড়ে দেওয়া তরুণদের বেশিরভাগই ছাত্রলীগের কর্মী বলে জানা গেছে।

ঢাকা মহানগর পুলিশের ধানমন্ডি অঞ্চলের সহকারী কমিশনার রুহুল আমিন সাগর সমকালকে বলেন, সোমবার রাত পৌনে ১টা থেকে সোয়া ৩টা পর্যন্ত ঢাকা কলেজের সাতটি ছাত্রাবাসে অভিযান চালানো হয়। এ সময় আটকদের মধ্যে ১০ জন বহিরাগত। তারা অবৈধভাবে ছাত্রাবাসে অবস্থান করছিল। বাকি ১৩ জন ঢাকা কলেজের ছাত্র দাবি করে পরিচয়পত্র দেখালেও সেগুলোর মেয়াদ নেই। তারা সবাই ছাত্র হলেও ঢাকা কলেজের ছাত্রদের মেয়াদ আগেই শেষ হয়েছে।

পুলিশ কর্মকর্তা রুহুল আমিন সাগর বলেন, গুরুতর কোনো অপরাধে সংশ্লিষ্টতা না পাওয়ায় তাদের অভিভাবক ও শিক্ষকদের জিম্মায় তাদের ছাড়া হয়েছে।

ঢাকা কলেজ ছাত্রলীগের সাবেক নেতা সোহেল রানা বলেন, আটক ছাত্রদের বেশিরভাগই ছাত্রলীগের সঙ্গে সম্পৃক্ত হলেও কখনও কোনো পদে ছিল না। নিরীহ এই ছাত্রদের হয়রানির কারণ তিনি বুঝতে পারছেন না।

গত বৃহস্পতিবার বিকেলে নিউমার্কেট এলাকায় ঢাকা কলেজের শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয় হকার্স মার্কেটের ব্যবসায়ীদের সংঘর্ষ হয়। এতে আহত হন পথচারী ও শিক্ষার্থীসহ অন্তত ৩০ জন।